দৈনিক ইত্তেফাক

JUN 20 2002

পৃঃ ৭ কলাম ৪

# শিক্ষকের অভাব ॥ মাগুরার একটি কলেজে অনার্স কোর্সে শিক্ষা ব্যাহত

মাগুরা সংবাদদাতা ॥ মাগুরা হোসেন শহীদ সোহরাওয়ার্দী সরকারী কলেজে শিক্ষকের অভাবে অনার্স ক্লাসের ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। চলতি বছরে দু'টি বিভাগে কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয়নি।

মাগুরার একমাত্র সরকারী কলেজটি অতি পুরাতন শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৪০ সনে এটা প্রতিষ্ঠিত। ১৯৯৭ সনে জনগণের দাবীর মুখে অনার্স কোর্স চালু করা হয়। এখানে বাংলা, রাষ্ট্র বিজ্ঞান, প্রাণি বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান এবং ব্যবস্থাপনা এ পাঁচটি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়। বর্তমানে এর প্রথম, দ্বিতীয়, তৃতীয় চতুর্থ বর্ষের ক্লাস চলছে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রতিটি বিভাগে বা বিষয়ে অন্তত: ৭ জন করে অভিজ্ঞ শিক্ষকের দরকার। কিন্তু অনার্স কোর্স চালুর দীর্ঘ ৫ বছর পার হলেও এখনও পর্যন্ত অনার্স শ্রেণীভুক্ত বিষয়ের জন্য কোন শিক্ষককে নিয়োগ দেয়া হয়নি। সম্মান শ্রেণীর সাথে সাথে এই কলেজে রয়েছে ইন্টারমিডিয়েট থেকে স্নাতক শ্রেণীর সাধারণ পাঠদানের ব্যবস্থা। একই শিক্ষককে অতিরিক্ত দায়িত্ব হিসাবে অনার্স ক্লাসের দায়িত্ব পালন করতে হচ্ছে।

কলেজে বর্তমানে রাষ্ট্রবিজ্ঞান, বাংলা ও প্রাণিবিজ্ঞান বিষয়ে মাত্র ২ জন করে এবং পদার্থ ও ব্যবস্থাপনা বিষয়ে ৩ জন করে শিক্ষক রয়েছেন। এদের ইন্টারমিডিয়েট থেকে স্নাতক শ্রেণীর সঙ্গে অনার্স শ্রেণীর বিষয়গুলোরও ক্লাস নিতে হচ্ছে। ফলে কোন বিষয়েরই সিলেবাস নির্ধারিত সময়ের মধ্যে শেষ করা সম্ভব হচ্ছে না।